



বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি



স্মারক নং-বিবিধ/কলেজ/২০২০/১২৭৫

তারিখ : ১০/০৬/২০২৪

বিষয় : ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে Special Quota (SQ) কোটায় আবেদনকৃত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চিতকরণ প্রসঙ্গে।

এতদ্বারা উচ্চমাধ্যমিক পর্যায়ে দেশের সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে Special Quota (SQ) কোটায় আবেদনকৃত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চায়ন/অনুমোদন আগামী ১১/০৬/২০২৪ তারিখ থেকে ১৩/০৬/২০২৪ তারিখ বিকাল ০৫:০০ টার মধ্যে নির্ধারিত ওয়েবসাইট <https://management.xiclassadmission.gov.bd> এর (College Login) প্যানেলে (কলেজের ইআইআইএন ও পাসওয়ার্ড দিয়ে) লগইন করে সংযুক্ত ম্যানুয়ালের নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক (SQ) কোটায় আবেদনকৃত শিক্ষার্থীদের নিশ্চায়ন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রফেসর তপন কুমার সরকার
সভাপতি

আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

ও

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
উচ্চমাধ্যমিক পর্যায়ে দেশের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান।

সংযুক্তিঃ কলেজ কর্তৃক নিশ্চায়নের ম্যানুয়াল।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইন
আবেদন পোর্টালের ব্যবহার নির্দেশিকা (User Guide)


প্রস্তুতিতে



কম্পিউটার কৌশল বিভাগ (সিএসই)
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)

বিশেষ কোটা আবেদন

একজন ইনস্টিটিউশন এডমিন যখন ক্যাড মডিউলে লগইন করবেন তখন তিনি বাম দিকের সাইডবারে বেশ কিছু মেনু দেখতে পাবেন। ইনস্টিটিউশন (বা প্রতিষ্ঠান) নন-ক্যাড নাকি ক্যাড প্রক্রিয়ায় যুক্ত, সেই ভিত্তিতে এই মেনু আইটেমগুলো ভিন্ন হবে। উদাহরন স্বরূপ একটি সাইডবার চিত্র ১-এ দেখান হল।




চিত্র:১: ইনস্টিটিউশন এডমিন লগ ইন করার পর যেমন সাইডবার দেখতে পাবেন তার উদাহরন।

কোন শিক্ষার্থী যদি বিশেষ কোটায় আবেদন করে থাকেন তবে তাকে প্রয়োজনীয় কাগজপত্র সহ উক্ত প্রতিষ্ঠানে যোগাযোগ করতে হয়। তখন প্রতিষ্ঠানের এডমিন লগইন করে সাইডবারের “বিশেষ কোটা আবেদন” মেনুতে ক্লিক করে একটি পেইজে আসবেন, যেখানে বিশেষ কোটা আবেদনের তালিকা রয়েছে (চিত্র:২)। এই আবেদনকারীর আবেদনটির সপক্ষে তার কাগজপত্র যদি ঠিকঠাক থাকে তাহলে তার আবেদনটির পাশের টিক চিহ্নে ক্লিক করে ইনস্টিটিউশন এডমিন এটিকে অনুমোদন করে দিবেন। অন্যদিকে ইনস্টিটিউশন এডমিন যদি সঙ্গত কারণে

(আবেদনকারী যদি আবেদনের স্বপক্ষে সঠিক কাগজপত্র উপস্থাপন করতে না পারেন) বিশেষ কোটার আবেদনকে বাতিল করে দিতে চান, সেক্ষেত্রে ইনস্টিটিউশন এডমিন একশন কলামের ক্রস বাটনটি ক্লিক করার মাধ্যমে তার বিশেষ কোটার আবেদনকে বাতিল করে দেবেন (চিত্র ২)। এখানে উল্লেখ্য যে ইনস্টিটিউশন এডমিন একটি আবেদন অনুমোদন অথবা বাতিল করে দিলে সেই সিদ্ধান্ত পরিবর্তন (undo) করার কোন সুযোগ নেই। তাই ইনস্টিটিউশন এডমিনদের এক্ষেত্রে সতর্ক থাকতে হবে।

#	CRVS আইডি	আবেদনকারীর নাম	শিফট	ভাষা	বিভাগ	বিশেষ কোটা অবস্থা	একশন
1	112019150004	MEHERUN NESSA MEHERUN	Day	Bangla	Science	Applied	✓ ✕
2	112019150004	MEHERUN NESSA MEHERUN	Day	Bangla	Humanities	Applied	✓ ✕
3	112019150004	MEHERUN NESSA MEHERUN	Day	Bangla	Business Studies	Applied	✓ ✕



চিত্র ২: বিশেষ কোটার আবেদন অনুমোদন করার প্রক্রিয়া। একই ভাবে একটি আবেদন বাতিল করা যাবে।